

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই-এম বিএন-২, ঢাকা।			
স্মারক নং- ২২৪৫	তারিখঃ- ২৩/৭/২৩	স্বাক্ষরঃ	
উঃ সঃ	সঃ সঃ	উঃ বিঃ সঃ	নিঃ সঃ
			✓

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
 www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৮১.২১.৭৪৯

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩০

২৩ জুলাই ২০২৩

বিষয়: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার অফিস ক্যাম্পাসে ১ নং ভবনের ১ম তলা হতে ৪র্থ তলা এবং ২ নং ভবনের ১ম থেকে ৫ম তলা পর্যন্ত ইলেকট্রিক সংস্কার কাজের জন্য ১ম কিস্তিতে চেকের মাধ্যমে ১০,৬৩,০০০/- টাকা বরাদ্দ।

সূত্র: সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার স্মারক নং-১৩৭ তারিখ-নাই খিঃ এর প্রেক্ষিতে।

উপরোক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্বকৃত ১০,৬৩,০০০/- টাকা যার নং-CC-৫০ ৮৬৩৬৭৭৯ তারিখ-২৬-০৬-২০২৩ খিঃ, সোনালী ব্যাংক লিমিটেড, বিআইএসই শাখা, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের এনডোর্স পূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে।

- (১) প্রত্যাশী সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- (২) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- (৩) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরে ও প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- (৪) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।

সংযুক্তি- বর্ণনামতে ১০,৬৩,০০০/- টাকার চেক।

২৩-৭-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই-এম বিভাগ-২, ঢাকা।

ইমেইল: se_coord@pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৮১.২১.৭৪৯/১(১৪)

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩০

২৩ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর